ভোরের কাগজ

DEC. 25 1999

তারিখ ...
পৃষ্ঠা ৭ কলাম ৩

32

# নগরীর সরকারি স্কুলগুলোতে কাল থেকে শুরু হচ্ছে ভর্তিযুদ্ধ

কাগজ প্রতিবেদক : রাজধানীর ২৪টি সরকারি স্কুলে আগামীকাল রোববার থেকে ভর্তি পরীক্ষা শুরু হচ্ছে। বিভিন্ন শ্রেণীতে এই স্কুলগুলোতে প্রায় ৭ হাজার শূন্য আসনে এ বছর ছাত্রছাত্রী ভর্তি করা হবে। এর বেশিরভাগই প্রথম শ্রেণীর। নগরীর ২৪টি সরকারি স্কুলকে তিন গ্রুপে বিভক্ত করে তিন দিনে পরীক্ষা গ্রহণ করা হবে। প্রতি গ্রুপের স্কুলগুলোতে অভিন্ন প্রশ্নপত্রের মাধ্যমে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রথম শ্রেণী থেকে তৃতীয় শ্রেণী পর্যন্ত প্রশ্নপত্রেই উত্তর লিখতে হবে। চতুর্থ শ্রেণী থেকে নবম শ্রেণী পর্যন্ত প্রশ্নপত্র হবে রচনামূলক।

প্রশ্নের মানবন্টন প্রথম শ্রেণী ও দ্বিতীয় শ্রেণী বাংলা ৫০, গণিত ৫০। তৃতীয় শ্রেণী থেকে নবম শ্রেণী পর্যন্ত বাংলা ৩০, ইংরেজি ৩০ এবং গণিত ৪০। গত ১৮ থেকে ২৩ ডিসেম্বর পর্যন্ত ভর্তির আবেদনপত্র বিক্রি করা হয়েছে। ভর্তি পরীক্ষা হওয়ার তিন দিনের মধ্যে ফলাফল প্রকাশ করা হবে। প্রথম শ্রেণী থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত ভর্তি পরীক্ষা সকাল ১০টা থেকে ১২টা পর্যন্ত এবং ষষ্ঠ থেকে নবম শ্রেণী পর্যন্ত ভর্তি পরীক্ষা দুপুর দেড়টা থেকে সাড়ে ৩টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর (মাউশি) সূত্রে জানা গেছে, ২৪টি স্কুলের মধ্যে শুধুমাত্র শেরে বাংলা বালক উচ্চবিদ্যালয় ও বিজ্ঞান কলেজের (স্কুল শাখা) সব শ্রেণীতেই ছাত্রছাত্রী ভর্তি করা হবে। অন্যান্য স্কুলের প্রথম শ্রেণী, তৃতীয় শ্রেণী এবং ষষ্ঠ শ্রেণীতেই বেশি আসন শূন্য হয়েছে।

আগামীকাল রোববার ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে 'এ' গ্রুপভুক্ত স্কুলের। এই গ্রুপের ঘোষিত শূন্য আসনের তালিকা হলো গভঃ ল্যাবরেটরি হাইস্কুল ২৬৪, মিরপুর সরকারি উচ্চ বিদ্যালয় ৪২২, মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ১৪৫, খিলগাঁও সরকারি উচ্চ বিদ্যালয় ১২২, নবাবপুর সরকারি উচ্চ বিদ্যালয় ২৮৮, নিউ গভঃ গার্লস হাইস্কুল ২০০, ইসলামিয়া সরকারি উচ্চ বিদ্যালয় ১২০ এবং মোহাম্মদপুর সরকারি উচ্চ বিদ্যালয়ে ১২০।

২৭ ডিসেম্বর সোমবার ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে 'বি' গ্রুপের স্কুলগুলোর।

● এরপর -পৃষ্ঠা ২ কলাম ৭

## নগরীর সরকারি স্কুল

● প্রথম পাতার পর

এই গ্রুপের শূন্য আসনের মধ্যে রয়েছে মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয় ৩০০, নারিন্দা সরকারি উচ্চ বিদ্যালয় ৪৫৮, ঢাকা গভঃ মুসলিম হাইস্কুল ২০২. বাংলাবাজার সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ১৪৫, শেরে বাংলা নগর সরকারি বালক উচ্চ বিদ্যালয় ৩৬৮, সরকারি বিজ্ঞান কলেজ (স্কুল শাখা) ৫২৯, ধানমন্ডি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ২১৫ এবং আরমানিটোলা. সরকারি উচ্চ বিদ্যালয় ২৭৩।

২৮ ডিসেম্বর মঙ্গলবার ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে 'সি' গ্রুপের। এই গ্রুপের শূন্য আসনের তালিকা ধানমন্ডি সরকারি বালক উচ্চ বিদ্যালয় ৪২১, শেরে বাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ২৩৪, কামরুন্নেসা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ৩১৭, ঢাকা কলেজিয়েট স্কুল ৪০৪, তেজগাঁও সরকারি বালক উচ্চ বিদ্যালয় ২৬০, তেজগাঁও সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ৩৮১ এবং গণভবন সরকারি উচ্চ বিদ্যালয়ে ৫০৩। সরকারি সবগুলো স্কুলেই ছাত্রছাত্রী ভর্তির জন্য আবেদনপত্র বিক্রির চিত্র এক নয়। গভঃ ল্যাবরেটরি স্কুলের প্রথম শ্রেণীর ২৪০টি শূন্য আসনের বিপরীতে আবেদনপত্র বিক্রি হয়েছে প্রায় আড়াই হাজার, আবার নারিন্দা সরকারি উচ্চ বিদ্যালয়ের প্রথম শ্রেণীর ১২০টি শূন্য আসনে ভর্তির জন্য আবেদনপত্র পড়েছে মাত্র ১৫৩টি। ধানমন্ডি সরকারি বালিকা বিদ্যালয়ের প্রথম শ্রেণীতে শূন্য আসন ১৭০টি, আবেদন পড়েছে ২৫৫টি। অন্যদিকে সরকারি বিজ্ঞান কলেজের ৫০টি আসনে ভর্তির জন্য আবেদনপত্র বিক্রি হয়েছে প্রায় সাড়ে ৩০০টি।

উল্লেখ্য, সরকারি স্কুলে শিক্ষার মানের ব্যাপক তারতম্যের কারণেই অভিভাবকদের সন্তান ভর্তির ক্ষেত্রে স্কুল পছন্দের এই পার্থক্য প্রতিবছরই হয়ে থাকে।